দৈনিক ইত্তেফাক

তারিখ 11 OCT 1988
পৃষ্ঠা ৬ কলাম ২

১২৮

৩২

# ভিসির পদত্যাগের দাবী প্রশ্নে ঢাকা ভার্সিটি কর্তৃপক্ষ

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

ভিসি প্রফেসর আব্দুল মান্নান সম্পার্ক প্রাক্তন বিচারপতি আব্দুর রহমান চৌধুরীর বক্তব্যের প্রেক্ষিতে দুঃখ প্রকাশ করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে বলা হয়, সম্প্রতি জাতীয় অভিভাবক সমিতি আয়োজিত সমাবেশে বিচারপতি আবদুর রহমান চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় ও ভিসি সম্পর্কে যে মন্তব্য করিয়াছেন, তাহার কোন বাস্তব ভিত্তি নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'শান্তি-শৃঙ্খলা' তথা শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য বর্তমান ভিসি যে ভূমিকা পালন করিয়াছেন তাহা সর্বমহলে প্রশংসিত হইয়াছে। কাজেই প্রধান বিচারপতির সহিত ভিসির নাম যুক্ত করিয়া তাঁহার (ভিসির) পদত্যাগ দাবীর কোন যৌক্তিকতা নাই। এই ধরনের উক্তি করিয়া চমক সৃষ্টি করা যাইতে পারে, কিন্তু ইহাতে জাতির বৃহত্তর স্বার্থই ক্ষতিগ্রস্ত হইবে।

## 'ধরার পর পালাইয়া যায়'

গত সোমবার ইত্তেফাকে প্রকাশিত 'সে অস্ত্র প্রদর্শনের মাধ্যমে হল ক্যাম্পাস হইতে চলিয়া যায়' শীর্ষক রিপোর্টের প্রেক্ষিতে জহুরুল হক হলের প্রভোষ্ট এ, বি, এম, খালেদ জানান, রিপোর্টে উল্লেখিত অছাত্র ফরহাদকে ধরার জন্য পিয়নকে নির্দেশ দেওয়া হয়। পিয়ন ফরহাদকে ধরিয়া প্রভোষ্ট অফিসে আনার পথে সে (ফরহাদ) নিজেকে মুক্ত করিয়া পালাইয়া যায়। এই সময় অস্ত্র প্রদর্শনের ঘটনা ঘটে নাই।